

# নিয়মিত ছাত্র সংসদ নির্বাচন না হলে গণতন্ত্র সংকুচিত হবে - জাতীয় বিশ্ববিদ্যালয় উপাচার্য

সংবাদ : প্রতিনিধি, গাজীপুর

। ঢাকা, বৃহস্পতিবার, ১৭ অক্টোবর ২০১৯

জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ বলেছেন বিশ্ববিদ্যালয়গুলোতে নিয়মিত ছাত্রসংসদ নির্বাচন না হওয়ার কারণে র্যাগিং, টাচারের মতো জঘন্য ঘটনা সংঘটিত হওয়ার সুযোগ পাচ্ছে। নিয়মিত ছাত্রসংসদ নির্বাচন না হলে দেশে অপরাজনীতি ঘটবে, গণতন্ত্র সংকুচিত হবে এবং অপশঙ্কির উত্থান ঘটবে। দেশে রাষ্ট্র ও সরকার ব্যবস্থা গণতান্ত্রিক চরিত্র হারাবে।'

গতকাল সকালে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসের সিনেট হলে কলেজ অ্যাডকেশন ডেভেলেপমেন্ট প্রজেক্টের (সিইডিপি) ৭ম ব্যাচের শিক্ষক-প্রশিক্ষণ কার্যক্রমের সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন উপাচার্য। (১৬ পৃষ্ঠার পর)

উপাচার্য বলেন, 'আমাদের দেশের শিক্ষাক্ষেত্রে প্রধান সমস্যা হচ্ছে শিক্ষকদের মধ্যে পেশাদারিত্বের অভাব। শিক্ষাপ্রতিষ্ঠানে র্যাগিং, টাচার সেল সৃষ্টি অভাবনীয় ঘটনা। এর দায়-দায়িত্ব

## ওইসব শক্ষাপ্রাতঃঠানের প্রধান ও শক্ষকগণ কিছুতেই এড়াতে পারেন না।'

তিনি বলেন আজ সমাজে এবং ছাত্র রাজনীতির নামে যা চলছে তা কিছুতেই রাজনীতি নয়। বরং তা রাজনীতির সম্পূর্ণ পরিপন্থী। স্বাধীন বাংলাদেশে গুপনিবেশিক আমলের রাজনীতি চলতে পারে না। তাই আমাদের সমাজ, রাজনীতি, উন্নয়ন ভাবনার মুভে মৌলিক বিষয়াবলী অগ্রভাগে রেখে রাজনীতি ঠিক রাখা প্রয়োজুন। উপাচার্য সিইডিপির ৭ম ব্যাচের সমাপনী অনুষ্ঠান শেষে প্রশিক্ষণে অংশ নেয়া ১২৬ জন শিক্ষকের হাতে সনদ তুলে দেন। এর মধ্যে মাকেটিং বিভাগে ৩৬ জন, সমাজবিজ্ঞান বিভাগে ৩৫ জন, রসায়নে ১৭ জন ও অর্থনীতিতে ৩৮ জনকে সনদ দেয়া হয়।

মাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের ডিন প্রফেসর ড. মো. আনোয়ার হোসেনের সভাপতিত্বে সমাপনী অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন উপউপাচার্য প্রফেসর ড. মশিউর রহমান, কোষাধ্যক্ষ প্রফেসর মো. নোমান উর রশীদ, ডিনবৃন্দ, রেজিস্ট্রারসহ বিভাগীয় প্রধানগণ।

অনুষ্ঠানে কোর্স উপদেষ্টা হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ম্যাকেটিং বিভাগের প্রফেসর ড. সমীর কুমার শীল, সমাজবিজ্ঞান বিভাগের প্রফেসর ড. মনিরুল ইসলাম খান, রসায়ন বিভাগের প্রফেসর ড. মো. আবু বিন হাসান সুসান, অর্থনীতি বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ হেলাল উদ্দিন।